'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।
ওয়েব : sadar.sunamganj.gov.bd

## উপজেলা পরিষদের মাসিক সভার (ভার্চুয়াল) কার্যবিবরণী

সভার তারিখ : ১৫ জুলাই ২০২১ খ্রি.।
সময় : সকাল ১১:০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সভাপতি : জনাব মোঃ খায়রুল হুদা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, সদর উপজেলায় করোনা ভাইরাস শনাক্তের হার ২০% এর নিচে রয়েছে, এ পর্যন্ত ১৩১ জন আইসোলেসনে আছেন। তিনি আরও জানান সুনামগঞ্জ সদর উপজেলায় করোনা রোগী শনাক্তের হার দেশের অন্যান্য জায়গার চেয়ে তুলনামুলক কম। বর্তমানে লকডাউন কিছুটা শিথিল করা হয়েছে। সামনে আসন্ন ঈদুল আযহায় কোরবানীর পশু বিক্রয়ের জন্য হাট বাজারে লোক সমাগম বেড়ে যাবে। পশুর হাটে মানুষের চলাচল বেড়ে যাওয়ায় সম্ভাবনা থাকায় ইউনিয়ন পর্যায়ে করোনা ভাইরাস প্রতিরোধ কমিটি গঠন করার জন্য তিনি সভাকে অনুরোধ করেন। তিনি আরও জানান ভ্যাকসিন এর জন্য প্রতিদিন ৩০০ জন লোককে এসএমএস পাঠানো হয়ে থাকে। বর্তমানে সিনভেক্স এর টিকা ০২(দুই)টি বুথে প্রদান করা হচ্ছে, প্রয়োজনে বুথ সংখ্যা বৃদ্ধি করা হবে।<br>এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, আসন্ন ঈদুল আযহা উপলক্ষ্যে কোরবানীর জন্য পশুর হাটে লোক সমাগম বেশি হওয়ার সম্ভাবনা থাকায় ইউনিয়ন পর্যায়ে গত বছর যে করোনা ভাইরাস প্রতিরোধ কমিটি গঠন করা হয়েছিল তা বহাল থাকবে এবং টিকা গ্রহণে জনগণকে উদ্বুদ্ধ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | আলোচনান্তে করোনা ভাইরাস থেকে রক্ষার জন্য সংশ্লিষ্ট বাজারে পশুর হাট বসানোর সময়কালে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সকলকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>২। অফিসার ইন চার্জ সুনামগঞ্জ সদর মডেল থানা, সুনামগঞ্জ<br>৩।চেয়ারম্যান সকল ইউ/পি সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, সদর উপজেলার সকল পশুর হাট স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করার জন্য ইজারাদারগণকে অবহিত করা হয়েছে। তিনি আরও জানান ইজারাদারগণ পশুর হাটে সার্বক্ষণিক মাইকে স্বাস্থ্যবিধি মানার জন্য প্রচারণা চালিয়ে যাবে, হাটে প্রবেশের জন্য মাস্ক বাধ্যতামূলক, হাটের সামনে বেসিন বসিয়ে হাত ধোয়ার ব্যবস্থা করা, টেম্পারেচার মেপে হাটে লোকজন প্রবেশ করানো, হাটে প্রবেশের জন্য একটি রাস্তা থাকবে এবং বের হওয়ার জন্য অন্য একটি রাস্তা থাকবে। তিনি আরও জানান প্রতিটি হাটে করোনা ভাইরাস প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির লোকজন থাকবেন। তারা সকলকে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য পরামর্শ প্রদান করবেন।<br>এ বিষয়ে অফিসার ইন চার্জ, সুনামগঞ্জ সদর মডেল থানার প্রতিনিধি সভায় জানান করোনা ভাইরাস প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটিতে তাদের বিট অফিসারদের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান উক্ত কমিটির সকল সদস্যগণের নাম ও মোবাইল নম্বর থাকলে সবার সাথে সহজে যোগাযোগ করা যাবে। উক্ত কমিটির তালিকায় সকল সদস্যদের নাম ও মোবাইল নম্বর অন্তর্ভুক্ত করার জন্যও তিনি সভাকে অনুরোধ করেন।<br>এ বিষয়ে মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, আসন্ন ঈদুল আযহা উপলক্ষ্যে সরকার ঘোষিত কোরবানীর পশুর হাট শর্তাবলী মেনে পরিচালনা করার জন্য তিনি সভাকে অনুরোধ করেন। তিনি আরও জানান হাটে শিশু, বয়স্ক ও অসুস্থ লোক যাতে প্রবেশ করতে না পারে সেদিকে সবাইকে সতর্ক থাকতে হবে। টেম্পারেচার মেপে সবাইকে হাটে প্রবেশ করাতে হবে। | | |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভাকে জানান যে, স্বাস্থ্যবিধি মেনে ঈদের নামাজ আদায়ের বিষয়টি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করা একান্ত প্রয়োজন। বিষয়টি বহুল প্রচারের জন্য তিনি ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া আসন্ন ঈদুল আযহা উপলক্ষে কোরবানীর পশুর বর্জ্য দ্রুত অপসারণ ও চামড়া যাতে নষ্ট না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখার জন্যও তিনি ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | আলোচনান্তে স্বাস্থ্যবিধি মেনে ঈদের নামাজ আদায়ের বিষয়টি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এছাড়া আসন্ন ঈদুল আযহা উপলক্ষে কোরবানীর পশুর চামড়া যাতে নষ্ট না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখার জন্যও ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকল। |
| ৩. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় | ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর কাজ সঠিকভাবে সমাপ্ত হয়েছে। তিনি আরও জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৪র্থ পর্যায়) এর প্রকল্পসমূহের টেন্ডার আহবান করা হয়েছে এবং ঠিকাদার নির্বাচন করে দ্রুত কাজ বাস্তবায়ন করা হবে।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ফ্যাসিলিটেটর, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, আগামী ২০২১-২০২২ অর্থ বছরের জুন মাসে উক্ত প্রকল্পের কার্যক্রম সমাপ্ত হওয়ার সম্ভাবনা থাকায় পঞ্চম পর্যায়ের ইউজিডিপি প্রকল্পসমূহের তালিকা দ্রুত দাখিল করার জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | উন্নয়ন কর্মসূচী (ADP) এর কাজ সঠিকভাবে সমাপ্ত হওয়ায় উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জানানো হয়, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (৪র্থ পর্যায়) ঠিকাদার নির্বাচন করে দ্রুত কাজ বাস্তবায়ন করা এবং পঞ্চম পর্যায়ের ইউজিডিপি প্রকল্পসমূহের তালিকা দ্রুত দাখিল করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |
| ৪. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা পেতে সমস্যা হচ্ছে। এমআইএস এ এডিট অপশন ও ডিলিট অপশন বন্ধ করে দেওয়া হয়েছে। পূর্বেও এরকম সমস্যার সৃষ্টি হয়েছিল, পরবর্তীতে পত্র দেওয়ার পর তা ঠিক করে দেওয়া হয়েছিল। তাই উক্ত সমস্যা সমাধানের জন্য আবারও পত্র প্রেরণ করার জন্য সভাকে অনুরোধ করেন। | আলোচনান্তে উক্ত সমস্য সমাধানের লক্ষ্যে মন্ত্রণালয়ে পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ৫. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর সভাকে জানান যে, সাবমার্জিবল পাম্প বৈদুতিক সংযোগ ছাড়া চলেনা বিধায় সদর উপজেলায় এ অর্থ বছরে যতগুলি নলকূপ স্থাপন করা হয়েছে সেগুলির বেশির ভাগই ব্যক্তি কেন্দ্রিক হয়ে যাচ্ছে। যে ব্যক্তির ঘর থেকে বৈদুতিক লাইন দেওয়া হয়েছে তিনি সেটা নিজের বলে দাবি করছেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান এ অর্থ বছরে সদর উপজেলায় যতগুলো নলকূপ স্থাপন করা হয়েছে সেগুলি সরেজমিন পরিদর্শন করে দেখার জন্য ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদরকে অনুরোধ করেন। | আলোচনান্তে ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদরকে নলকূপ স্থাপনের কাজগুলো সঠিকভাবে সম্পন্ন করা হয়েছে কিনা তা সরেজমিন যাচাই করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর<br>ও<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর। |
| ৬. | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান এ বছর করোনা ভাইরাসের জন্য জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ স্থগিত করা হয়েছে। তিনি আরও জানান সদর উপজেলা হতে ছাতক উপজেলায় তার বদলীর আদেশ হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনান্তে এ বছর করোনা ভাইরাসের কারণে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সুনামগঞ্জ সদর |
| ৭. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, সদর উপজেলা পরিষদের পেছনের বাউন্ডারী ওয়ালের নীচের অংশের কিছু জায়গায় গর্ত হয়ে মাটি চলে যাওয়ায় উক্ত স্থানে একটি কালভার্ট নির্মাণ করার জন্য ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার একটি প্রাক্কলন দাখিল করেন। তিনি আরও জানান স্কাইভিউ ভবন মেরামত বাবদ ২৩,৮০০/-(তেইশ হাজার আটশত) টাকা | আলোচনান্তে রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে কালভার্ট নির্মাণ এর ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদন প্রদান করা হয় এবং স্কাইভিউ ভবন মেরামত বাবদ ২৩,৮০০/-(তেইশ হাজার আটশত) টাকা ও | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| | এবং বন্যাশ্রয় কেন্দ্র ১/৪ বাসা মেরামত বাবদ ২৪,৭৮০/-(চব্বিশ হাজার সাতশত আশি) টাকার বিল পরিশোধ করার জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | বন্যাশ্রয় কেন্দ্র ১/৪ বাসা মেরামত বাবদ ২৪,৭৮০/-(চব্বিশ হাজার সাতশত আশি) টাকার বিল রাজস্ব তহবিল থেকে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৮. | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, কোভিড-১৯ পরিস্থিতির কারণে সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধ রয়েছে। কিন্তু অনলাইনে ক্লাস চলমান রয়েছে এবং লকডাউনের কারণে ওয়ার্কশিট বিতরণ বন্ধ রয়েছে। এছাড়া গুগল মিট অ্যাপস ব্যবহার করে ক্লাস্টার ভিত্তিক পাঠদান কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। তিনি আরও জানান যে সকল বিদ্যালয়ে বন্যাশ্রয় কেন্দ্র রয়েছে সেই সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে বিদ্যালয় পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ করা হয়েছে। | আলোচনান্তে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী অনলাইনের মাধ্যমে পাঠদান কার্যক্রম পরিচালনা করাসহ শিক্ষকদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভাকে জানান যে, করোনাকালীন সময়ে মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠাগুলোতে অনলাইন ক্লাস চলমান রয়েছে। কিন্তু বর্তমানে লকডাউনের কারণে এসাইনমেন্ট কার্যক্রম বন্ধ রয়েছে। তিনি আরও জানান ২০২১ সালের এস.এস.সি এবং ২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার বিষয়ে শীঘ্রই নির্দেশনা প্রদান করা হবে। এছাড়া মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে অধ্যয়নরত সকল শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রণয়ন করার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম বন্ধ রয়েছে। ডিগ্রী পর্যায়ে শিক্ষার্থীদের টিকা প্রদানের বিষয়ে সরকার কর্তৃক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। | আলোচনান্তে অনলাইন ক্লাসসহ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে অধ্যয়নরত শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রণয়ন করার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ১০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, কোভিড-১৯ ও ঈদ উপলক্ষ্যে ত্রাণ কার্যক্রম চলমান রয়েছে। বিজিএফ ও অন্যান্য টিআর কাবিটার কাজ প্রায় শেষ পর্যায়ে। তিনি আরও জানান রঙ্গাঁরচর ইউনিয়নের নদীরপাড়ে গুচ্ছগ্রাম নির্মাণের জন্য কাটা তারের বেড়া দিয়ে সীমানা নির্ধারনের জন্য একটি প্রকল্প এডিপি হতে নেওয়ার জন্য সভাকে অনুরোধ করেন।<br>এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভাকে জানান যে, রঙ্গাঁরচর ইউনিয়নের নদীরপাড়ে গুচ্ছ গ্রামের সীমানা নির্ধারনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে সরেজমিন পরিদর্শন করে একটি প্রাক্কলন প্রস্তুত করার জন্য অনুরোধ করেন। | আলোচনান্তে টি.আর ও কাবিটার কাজ দ্রুত শেষ করার জন্য এবং রঙ্গাঁরচর ইউনিয়নের নদীরপাড়ে গুচ্ছ গ্রামের সীমানা নির্ধারনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে সরেজমিন পরিদর্শন করে একটি প্রাক্কলন প্রস্তুত করার জন্য অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান সকল ইউ/পি সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ১১. | উপজেলা পরিবার পরিকল্পনা, কর্মকর্তা সুনামগঞ্জ সদর সভায় জানান যে, তাদের বিভাগের কার্যক্রম পেপারলেস হতে যাচ্ছে। অনলাইনে সকল কার্যক্রম সম্পন্ন করা হবে। তিনি আরও জানান এ বছর জনসংখ্যা দিবসে সদর উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ০২টি ক্যাটাগরীতে পুরষ্কার পেয়েছে। | আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ, সুনামগঞ্জ সদরের সকল কারযক্রম পেপারলেস করে অনলাইনে সকল কার্যক্রম সম্পন্ন করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা, কর্মকর্তা সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| ১২. | বিবিধ: উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, জুন ২০২১ মাসে আপ্যায়ন বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, স্থায়ী কমিটির সভার আপ্যায়ন বাবদ ৮,০০০/-(আট হাজার) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পরিষদের ইন্টারনেট বিল বাবদ ৩,০০০/-(তিন হাজার) টাকা বিল পাওয়ার আবেদন করেন। এছাড়া মোছাঃ খাদিজা বেগম বেগম, পিতাঃ মকদ্দুছ আলী, গ্রামঃ নতুন শাখাইতি, ইউ/পিঃ কাঠইর গত ১৫/০৬/২০২১ খ্রি. তারিখ বজ্রপাতে মৃত্যুবরণ করায় একটি আর্থিক সাহায্যের আবেদন পাওয়া যায়। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বজ্রপাতে মৃত্যুবরণ করায় অপ্রত্যাশিত খাত থেকে ৫০০০/-(পাঁচ হাজার) টাকা আর্থিক সাহায্য প্রদানের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল হুদা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০৮৭১-৬১৫৯১
ই-মেইল : chairmanuzpsadar@gmail.com

স্মারক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-১১২৮(৫০)

তারিখ : ২৫ জুলাই ২০২১ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১। মাননীয়, সংসদ সদস্য, সুনামগঞ্জ-৪ নির্বাচনী এলাকা, সুনামগঞ্জ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৭। মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৯। উপজেলা ........................... কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১০। চেয়ারম্যান, ....................... ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১১। জনাব ....................... ইউ/পি সংরক্ষিত মহিলা সদস্য ও সদস্য উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১২। অফিস কপি/মাস্টার ফাইল।

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের মাসিক সভায় জনপ্রতিনিধিবৃন্দের উপস্থিতি:

মাসের নাম: জুলাই

সভার তারিখ: ২৫/০৭/২০২১ সময়: ১১.০০ ঘটিকা

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব মো: খায়রুল হুদা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর। | |
| ০২ | " নাদের বখ্‌ত | মেয়র সুনামগঞ্জ পৌরসভা। | |
| ০৩ | " মো: আবুল হোসেন | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | [illegible] |
| ০৪. | " নিগার সুলতানা | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | নিসুলতানা |
| ০৫ | " মো: আব্দুল ওয়াদুদ | চেয়ারম্যান লক্ষনশ্রী ইউপি. | [illegible] |
| ০৬ | " মো: আবুল বরকত | চেয়ারম্যান কুরবাননগর, ইউপি. | [illegible] ২৫/০৭/২১ |
| ০৭. | " মো: ফুল মিয়া | চেয়ারম্যান গৌরারং, ইউপি. | [illegible] |
| ০৮. | " মো: মকছুদ আলী | চেয়ারম্যান. জাহাঙ্গীরনগর, ইউপি. | |
| ০৯. | " মো: নুরুল হক | চেয়ারম্যান মোহনপুর, ইউপি। | [illegible] |
| ১০. | " মো: আব্দুস ছাত্তার | চেয়ারম্যান সুরমা, ইউপি। | [illegible] |

| ক্রনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১. | জনাব মো: নুরুল হক | চেয়ারম্যান<br>মোল্লাপাড়া, ইউপি . | [signature] |
| ১২ | " মো: সামছুল ইসলাম | চেয়ারম্যান<br>কাউইর, ইউপি . | |
| ১৩ | " মো: আব্দুল হাই | চেয়ারম্যান<br>রঙ্গাঁরচর, ইউপি . | [signature] |
| ১৪ | " মমলা রানী বর্মন . | উপজেলা পরিষদ সংরক্ষিত<br>মহিলা সদস্য - ০১. | |
| ১৫ | "মোছা: রওশন আরা বেগম | উপজেলা পরিষদ সংরক্ষিত<br>মহিলা সদস্য - ০২. | [signature] |
| ১৬ | "মোছা: জাহানারা বেগম | উপজেলা পরিষদ সংরক্ষিত<br>মহিলা সদস্য - ০৩. | |

উপজেলা পরিষদের মাসিক সভায় কর্মকর্তাবৃন্দের উপস্থিতি :
মাসের নাম : জুলাই ।
সভার তারিখ : ২৫/০৭/২০২১ সময় : ১১.০০ ঘটিকা

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব ইমরান শাহারীয়ার | উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ । | |
| ০২ | " ডা: সৌমিত্র চক্রবর্তী | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ । | |
| ০৩ | " মো: সালাউদ্দিন টিপু | উপজেলা কৃষি কর্মকর্তা সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ । | [signature] |
| ০৪ | " ডা: মোহাম্মদ আব্দুল আউয়াল ভূঁইয়া | উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ । | [signature] |
| ০৫ | " ~~সীমা রানী বিশ্বাস~~ প্রাণাশু দে প্রশান্ত দে | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ । | [signature] |
| ০৬ | " আনোয়ার হোসেন | উপজেলা প্রকৌশলী সুনামগঞ্জ সদর । | [signature] 25.07.21 |
| ০৭ | " মুহাম্মদ মহিদুর রহমান | অফিসার ইন-চার্জ সুনামগঞ্জ সদর, মডেল থানা | |
| ০৮ | " অশোক রঞ্জন পুরকায়স্থ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ । | [signature] 25.07.21 |
| ০৯ | " এনামুর রহিম বাবর | উপজেলা শিক্ষা কর্মকর্তা সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ । | [signature] |
| ১০ | " সাইফুল আলম সিদ্দিকী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ । | [signature] ২৫.০৭.২১ |
| ১১ | " বিশ্বজিৎ কৃষ্ণ চক্রবর্তী | উপজেলা প: প: কর্মকর্তা সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ | [signature] 25/07/21 |
| ১২ | " বিজিত রঞ্জন বর | উপজেলা সমবায় কর্মকর্তা সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ । | |
| ১৩ | " লিটন চন্দ্র সূত্রধর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ । | |
| ১৪ | " স্বদীপ বিশ্বাস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ । | সন্দীপ ২৫/০৭/২১ |
| ১৫ | " মানিক মিয়া | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | [signature] |

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬ | জনাব মিন্টু সরকার | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (অঃদাঃ) সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। | [signature] |
| ১৭ | " মোঃ আনিসুর রহমান (উঃপঃ) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। | |
| ১৮ | " ফখরুল আলম ধনি | উপজেলা রেঞ্জ কর্মকর্তা সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ | |
| ১৯ | " মাসুদ রোমান সেলিম | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। | |
| ২০ | " উত্তম কুমার রায় | উপজেলা নির্বাচন অফিসার সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ | [signature] ২৫/০৭/২ |
| ২১ | " অসীম বরন তালুকদার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ | [signature] |
| ২২ | " আব্দুল্লাহ আল মামুন | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ | |
| ২৩ | " মোঃ সেলিম আহমেদ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ | |
| ২৪ | " সৈয়দ আহমদ শাহলান | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। | |
| ২৫ | " শেখ আব্দুর রব | ইউডিএফ, ইউডিভিপি সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ | [signature] ২৫.০৭.২২ |